দর্শনায় ওসি পরিচয়ে সোনার চেইন নিয়ে চম্পট

দর্শনা রেল বাজারের হাশেম প্লাজায় একটি স্বর্নের দোকানে অভিনব কায়দায় ওসি পরিচয়ে প্রায় লক্ষাধিক টাকার (১৩ আনা) স্বর্নের চেইন নিয়ে পালিয়ে যাবার ঘটনা ঘটেছে। গতকাল মঙ্গলবার বিকাল ৪ টার দিকে এ ঘটনা ঘটে। এ ঘটনায় দর্শনা থানায় একটি লিখিত অভিযোগ হয়েছে।

অভিযোগ সুত্রে জানাযায় গতকাল মঙ্গলবার বিকাল ৪ টার দিকে একজন সাদা পোশাকে পুলিশ পরিচয় দানকারী আমার দোকানে আসে এসে বলে আমি দর্শনা থানা থেকে এসেছি। আমাকে দর্শনা থানার ওসি তদন্ত একটা স্বর্নের চেইন নেবে বলে পাঠিয়েছে। এ সময় দোকানদার তার দোকানে থাকা বিভিন্ন ওজনের অনেকগুলো চেইন দেখায় তার মধ্যে ঐ ব্যাক্তি ১৩ আনা ওজনের একটা চেইন পছন্দ করে। পরে বলে আমি দর্শনা থানার ওসি তদন্তকে দেখিয়ে নিয়ে আসছি।দোকানদার কোন কিছু বুঝে ওঠার আগেই চেইন নিয়ে দর্শনা থানার উদ্দেশ্যে দোকান ত্যাগ করে। পরে দীর্ঘ সময় পার হওয়ার পর দোকানদারের মনে সন্দেহ জাগে।

এ সময় দোকানদার দ্রত দর্শনা থানায় গেলে উক্ত ব্যাক্তিকে আর খুজে পাওয়া যায়নি। পরে বিষয়টি দর্শনা থানা পুলিশকে জানালে পুলিশ দোকানে এসে সিসি ক্যামেরা দেখে সনাক্ত করার চেষ্টা করে। তবে তার মুখে মাস্ক লাগানো আছে এবং তার কাছে পুলিশের ওয়ালেছ আছে বলে দোকানদার সাংবাদিকদের জানায়।

এ বিষয়ে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার সাহা বলেন, ‘এ ধরনের একটি ঘটনার অভিযোগ পেয়েছি। সিসি ফুটেজ দেখে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।’